ইনকিলাব

রবি 19 FEB 2007

পৃষ্ঠা ১২ কলাম ৬

# ঢাকায় অস্ট্রেলিয়ান শিক্ষা মেলা

স্টাফ রিপোর্টার

বিশ্বব্যাপী কর্মসংস্থানের ক্ষেত্রে সহায়ক উচ্চতর শিক্ষা লাভের আকাঙ্ক্ষা অনেকের থাকলেও প্রয়োজনীয় তথ্য, যোগাযোগ ও নিশ্চয়তার অভাবে তা অপূর্ণই থেকে যায়। এ অপূর্ণতা ঘোচাতে অস্ট্রেলিয়ান হাইকমিশন ঢাকার হোটেল শেরাটনে গতকাল (রোববার) থেকে দু'দিনব্যাপী অস্ট্রেলিয়ান শিক্ষা মেলার আয়োজন করেছে। আজ মেলার শেষ দিন। বাংলাদেশী শিক্ষার্থীদের বিদেশে উচ্চ শিক্ষা গ্রহণের ক্রমবর্ধমান চাহিদার প্রতি লক্ষ্য রেখে এ মেলার আয়োজন ৮-এর পৃঃ ৩-এর কঃ দেখুন

## ঢাকায় অস্ট্রেলিয়ান শিক্ষা

১২-এর পৃষ্ঠার পর

করা হয়েছে। মেলায় অস্ট্রেলিয়ান ক্যাম্পাস নেটওয়ার্ক, কার্টিন ইউনিভার্সিটি অব টেকনোলজি, ইউনিভার্সিটি অব সাউথ অস্ট্রেলিয়া, ডিকিন ইউনিভার্সিটি, লাট্রোব ইউনিভার্সিটি, মেলবোর্ন ইন্সটিটিউশন অব টেকনোলজি, মোনাস ইউনিভার্সিটি, হেল্স ইন্সটিটিউটসহ অস্ট্রেলিয়ার শীর্ষস্থানীয় ১৫টি ইউনিভার্সিটি এবং ভোকেশনাল ইন্সটিটিউশন অংশ নিচ্ছে। প্রতিষ্ঠানগুলোর স্টলে তথ্য জানার ক্ষেত্রে শিক্ষার্থীদের জন্য রয়েছে উন্নতমানের সেবা। এ মেলা থেকে শিক্ষার্থীরা ভর্তি সংক্রান্ত প্রতিটি বিষয়ে বিস্তারিত জানতে পারবে। স্টলগুলোতে রয়েছে প্রতিটি প্রতিষ্ঠানের পরিচিতিসহ শত প্রকার কোর্সের অফার। মেলায় প্রবেশমূল্য নির্ধারণ করা হয়েছে ২০ টাকা। প্রতিদিন সকাল ১০টা থেকে বিকেল ৮টা পর্যন্ত মেলাস্থল সকলের জন্য খোলা থাকবে। গতকাল মেলার উদ্বোধন করেন-বাংলাদেশস্থ অস্ট্রেলিয়ান হাইকমিশনার ডগলাস ফসকেট। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন- অস্ট্রেলিয়ান ট্রেড কমিশনের কান্ট্রি ম্যানেজার মিনহাজ চৌধুরী, বিজনেস ডেভেলপমেন্ট ম্যানেজার মোস্তাফিজুর রহমান এবং অস্ট্রেলিয়ান এডুকেশন সেন্টারের ডিরেক্টর শরীফ রহমান।

অস্ট্রেলিয়ান হাইকমিশনার ডগলাস ফসকেট বলেন, বাংলাদেশ ও অস্ট্রেলিয়ার মধ্যে শিক্ষা সম্পর্ক জোরদারের উদ্দেশ্যে অস্ট্রেলিয়ান হাইকমিশন এ মেলার আয়োজন করেছে। দু'দেশের তরুণ প্রজন্মের মধ্যে নতুন সম্পর্ক তৈরীর মাধ্যমে আগামীতে দু'দেশের মধ্যে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি পাবে। সাথে সাথে শিক্ষাক্ষেত্রে আরো সহযোগিতা জোরদার করা হবে। ভাষার গুরুত্ব তুলে ধরে তিনি বলেন, বর্তমান বিশ্ব সমাজ ব্যবস্থায় এবং যোগাযোগ স্থাপনের ক্ষেত্রে ইংরেজী ভাষার গুরুত্ব অপরিসীম।

এদিকে, চট্টগ্রাম ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউটে ২০ ফেব্রুয়ারী আয়োজন করা হয়েছে একই ধরনের শিক্ষা মেলা। এ মেলায় অস্ট্রেলিয়ার শীর্ষস্থানীয় ৫টি শিক্ষা প্রতিষ্ঠান অংশ নেবে।